ইত্তেফাক

তারিখ ...14/3/79
পৃষ্ঠা... ৪ 7

055

## বিএনপি'র মনোনয়নলাভেচ্ছু মহিলা প্রার্থীদের জ্ঞাতব্য

বাসস জানায়, জাতীয় সংসদে বিএনপির মনোনয়ন লাভের জন্য মহিলা প্রার্থীদের নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী সাক্ষাৎকার গ্রহণ করা হইবে। ১৬ই মার্চ সকাল সাড়ে ৮টা হইতে দেড়টা পর্যন্ত খুলনা বিভাগ, ১৬ই মার্চ বেলা দেড়টা হইতে রাত সাড়ে ৮টা পর্যন্ত ঢাকা বিভাগ, ১৭ই মার্চ সকাল সাড়ে ৮টা হইতে বেলা দেড়টা পর্যন্ত রাজশাহী বিভাগ এবং ১৭ই মার্চ বেলা দেড়টা হইতে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত চট্টগ্রাম বিভাগ।

## ১৮ই মার্চ রমনা গ্রীনে বিএনপি'র শোকসভা

এনা জানায়, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সিনিয়রমন্ত্রী ও বিএনপি'র কেন্দ্রীয় নেতা জনাব মশিয়ুর রহমানের মৃত্যুতে শোকপ্রকাশের জন্য ৪ দিনব্যাপী কর্মসূচী গ্রহণ করিয়াছে। কর্মসূচীর মধ্যে আছে, দলীয় কার্যালয়ে একসপ্তাহ ধরিয়া দলীয় পতাকা অর্ধনমিত রাখা, কোরানখানী, মিলাদ মাহফিল, কাঙ্গালীভোজ ও শোকসভা। দলীয় নেতার মৃত্যুতে শোকপ্রকাশের জন্য বিএনপি আগামী ১৮ই মার্চ বেলা আড়াইটায় রমনাগ্রীনে একসভার আয়োজন করিবে। প্রেসিডেণ্ট জিয়াউর রহমান সভায় সভাপতিত্ব করিবেন। মরহুম নেতার মৃত্যুতে শোকপ্রকাশের জন্য একই ধরনের কর্মসূচী গ্রহণের জন্য বিএনপি'র সকল ইউনিটকে নির্দেশ দেওয়া হইয়াছে।